

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬৩৪ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ পরিবার-পরিজনের ভরণপোষণ

## আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ عَلَى مِسْكِينٍ دِينَارٌ أَنْفَقْتَهُ في سَبيلِ اللهِ وَدِينار أَنْفَقْتَهُ في رَقَبَةٍ وَدِينارٌ تَصَدَّقْتَ بِهِ عَلَى مِسْكِينٍ وَدِينَارٌ أَنْفَقْتَهُ عَلَى أَهْلِكَ أَعْظَمُهَا أَجْراً الَّذِي أَنْفَقْتَهُ عَلَى أَهْلِكَ أَعْظَمُهَا أَجْراً الَّذِي أَنْفَقْتَهُ عَلَى أَهْلِكَ أَعْظَمُهَا أَجْراً الَّذِي أَنْفَقْتَهُ عَلَى أَهْلِكَ أَعْظَمُها أَجْراً الَّذِي أَنْفَقْتَهُ عَلَى أَهْلِكَ أَعْظَمُها أَجْراً الَّذِي أَنْفَقْتَهُ عَلَى أَهْلِكَ رَواه مسلم

## বাংলা

আল্লাহ তাআলা বলেন,

وَعَلَى الْمَوْلُوْد لَهُ رِزْقُهُنَّ وَكِسْوَتُهُنَّ بِالْمَعْرُوْف

অর্থাৎ, জনকের কর্তব্য যথাবিধি তাদের ভরণপোষণ করা। (সূরা বাক্বারাহ ২৩৩)

তিনি আরো বলেন,

لِيُنْفِقْ ذُوْ سَعَةٍ مِنْ سَعَتِهِ وَمَنْ قُدِرَ عَلَيْهِ رِزْقُهُ فَلْيُنْفِقْ مِمَّا آتَاهُ اللهُ لَا يُكَلِّفُ اللهُ نَفْسًا إِلَّا مَا آتَاهَا

অর্থাৎ, সামর্থ্যবান নিজ সামর্থ্য অনুযায়ী ব্যয় করবে এবং যার জীবনোপকরণ সীমিত সে আল্লাহ যা দান করেছেন, তা হতে ব্যয় করবে। আল্লাহ যাকে যে সামর্থ্য দিয়েছেন, তার চেয়ে গুরুত্বর বোঝা তিনি তার উপর চাপান না। (সূরা ত্বালাক ৭)

তিনি অন্যত্র বলেন,

وَمَا أَنْفَقْتُمْ مِّنْ شَيْءٍ فَهُوَ يُخْلِفُهُ

অর্থাৎ, তোমরা যা কিছু ব্যয় করবে, তিনি তার বিনিময় দেবেন। (সূরা সাবা' ৩৯)

(২৬৩৪) আবৃ হুরাইরাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এক দীনার (স্বর্ণমুদ্রা)



তুমি আল্লাহর পথে ব্যয় কর, এক দীনার ক্রীতদাস মুক্ত করার কাজে ব্যয় কর, এক দীনার কোন মিসকীনকে সদকাহ কর এবং এক দীনার তুমি পরিবার পরিজনের জন্য ব্যয় কর। এ সবের মধ্যে ঐ দীনারের বেশী নেকী রয়েছে যেটি তুমি পরিবার-পরিজনের উপর ব্যয় করবে।

## ফুটনোট

(মুসলিম ২৩৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন